

Total number of printed pages-4

1 (Sem-1) BEN

2024

BENGALI

Paper : BEN0100104

(শিশু ও কিশোর সাহিত্য)

Full Marks : 60

Time : 2½ hours

**The figures in the margin indicate
full marks for the questions.**

১। নিম্নলিখিত প্রশ্নগুলির অতি সংক্ষিপ্ত উত্তর দাও :

১×৮=৮

- (ক) 'বুড়ো আংলা' গ্রন্থের কাহিনিতে হৃদয় কার সঙ্গে মানস সরোবর যাওয়ার জন্যে ঘর ছেড়ে বেরিয়েছিল?
- (খ) চাঁদপুরের জঙ্গলে বসে কে হাঁসের দলের উপরে নজর রেখেছিল?
- (গ) 'বাবুরাম সাপুড়ে' কবিতায় সাপুড়ের নাম কী ছিল?
- (ঘ) 'খুড়োর কল' কবিতায় কলের সামনে কী বুলে থাকার কথা রয়েছে?
- (ঙ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসির ছেলের নাম কী ছিল?

Contd.

- (চ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে পদিপিসির কী রান্না দেখে বড়লাট সাহেব থ হয়ে গিয়েছিলেন?
- (ছ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য' কাহিনিতে অবিনাশবাবু গল্পকথকের কত বছরের প্রতিবেশী ছিলেন?
- (জ) 'প্রোফেসর শঙ্কু ও আশ্চর্য পুতুল' কাহিনিতে গ্রেগর লিডকুইস্ট কোন্ শহরের অধিবাসী ছিলেন?

২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর লেখো :

(যে-কোনো ছয়টি)

২×৬=১২

- (ক) 'বুড়ো আংলা' গ্রন্থের কাহিনিতে বুড়ো আংলা কে? সে কার শাপে বুড়ো আংলা হয়েছিল?
- (খ) 'বুড়ো আংলা' গ্রন্থে কোন্ দুজাতের হাঁসকে কোথাও যেতে চায় না, নড়তেও চায় না—ভারি কোনো বলে উল্লেখ করা হয়েছে?
- (গ) 'খিচুড়ি' কবিতায় 'হাতিমি' কোন্ দুটি প্রাণীর মিলিত রূপ?
- (ঘ) 'সৎ-পাত্র' কবিতায় সৎপাত্রের মুখের গঠন কীরকম ছিল? সে কতবার মেট্রিক ফেল করেছিল?
- (ঙ) "...বুকে আমার সিংহের সাহস।" এটা কার উক্তি? কোন্ প্রসঙ্গে বক্তা এই উক্তিটি করেছিল?
- (চ) পদিপিসি কোন্ সময়ে নিমাইখুড়োর বাড়ি যাত্রা করেছিলেন? সেই সময় পদিপিসির সঙ্গী কে ছিল?
- (ছ) পদিপিসির বর্মিবাক্স কী রঙের ছিল? এটি কতবছর ধরে খুঁজে পাওয়া যায়নি?

- (জ) “...এই দুটো মাসে উল্কাপাত হয় সবচেয়ে বেশি।”
‘ব্যোমযাত্রীর ডায়রি’ থেকে নেওয়া এই উদ্ধৃতাংশে কোন্
দুটি মাসের কথা বলা হয়েছে?
- (ঝ) তারকবাবু সুন্দরবনের মাথারিয়া অঞ্চলে কিসের
অনুসন্ধান গিয়েছিলেন? সেখান থেকে তিনি কী নিয়ে
এসেছিলেন?
- (ঞ) অবিনাশবাবু কীসে মুড়ে গোলকটি প্রোফেসর শঙ্কুকে
দিয়েছিলেন? সন্ধ্যার সময় সেই গোলকটির রঙ কেমন
হয়?

৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো চারটি)

৫×৪=২০

- (ক) ‘বুড়ো আংলা’ কাহিনিতে হৃদয়ের দেখা জ্যাস্ত গণেশের
বিবরণ দাও।
- (খ) ‘বুড়ো আংলা’ গ্রন্থের ‘চলন বিল’ অংশের কাহিনিতে
খোঁড়া হাঁসের কার্যকলাপ সংক্ষেপে বর্ণনা করো।
- (গ) ‘সৎ পাত্র’ কবিতায় সৎ পাত্র কোন্ বংশের ছিল?
কবিতাটিতে বর্ণিত তার ভাইদের পরিচয় দাও।

১+৪=৫

- (ঘ) ‘বাবুরাম সাপুড়ে’ কবিতায় কবি সাপুড়েকে কী ধরনের
সাপ রেখে যেতে বলেছিলেন, কবিতাটি অনুসরণে তার
যথাযথ বিবরণ দাও।

- (ঙ) ‘পদিপিসির বর্মিবাক্স’ গল্পে গল্পকথক মামার বাড়িতে
পদিপিসি-সংক্রান্ত যে স্বপ্ন দেখেছিল তার বিবরণ দাও।

- (চ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পে শেষপর্যন্ত কে, কীভাবে
'পদিপিসির বর্মিবাক্স' উদ্ধার করেছিল, লেখো।
- (ছ) 'ব্যোমযাত্রীর ডায়রি'-র কাহিনিতে বর্ণিত মঙ্গল গ্রহ
সম্পর্কে আলোচনা করো।
- (জ) নিউটনের বিশেষত্ব 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য'
কাহিনিতে যেভাবে ফুটে উঠেছে তার সবিশেষ পরিচয়
দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও : (যে-কোনো দুটি)

১০×২=২০

- (ক) 'বুড়ো আংলা' গ্রন্থের হৃদয় চরিত্র সম্পর্কে সংক্ষেপে
আলোচনা করো।
- (খ) 'খুড়োর কল' কবিতার মূল বিষয়বস্তু নিজের ভাষায়
লেখো।
- (গ) 'প্রোফেসর শঙ্কু ও গোলক-রহস্য' কাহিনি অবলম্বনে
গোলক রহস্যের স্বরূপ উন্মোচন করো।
- (ঘ) 'পদিপিসির বর্মিবাক্স' গল্পের পদিপিসির চরিত্র আলোচনা
করো।
- (ঙ) 'গোঁফচুরি' কবিতায় বড়বাবু তাঁর গোঁফ চুরি হয়ে যাওয়ার
ঘটনায় যে প্রতিক্রিয়া ব্যক্ত করেছিলেন তার বিবরণ দাও।